



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল  
সাধারণ শাখা  
[www.barisaldiv.gov.bd](http://www.barisaldiv.gov.bd)



২৪ পৌষ ১৪২৯

তারিখ: \_\_\_\_\_

০৮ জানুয়ারি ২০২৩

নম্বর: ০৫.১০.০০০.০০৩.৩৭.০০১.২২ (অংশ) ৯৮

**বিষয় :** ধূমপান ও তামাক মুক্ত বরিশাল বিভাগ গঠনের লক্ষ্যে হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল কলেজ, নার্সিং হোম ও ডায়াগনিস্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা প্রদানকারী কেন্দ্র ও প্রতিষ্ঠানে ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রি ও ব্যবহার বন্ধকরণ এবং উক্ত স্থান সমূহে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিষিদ্ধকরণ সম্পর্কিত নির্দেশিকা, স্টিকার, ব্যানার, পোস্টার প্রদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে তামাকজনিত রোগে আক্রান্ত হয়ে প্রতিবছর প্রায় ১,৬১,০০০ এর অধিক মানুষ (দি টোব্যাকো এটলাস, ২০১৮) মারা যায়। বাংলাদেশ সরকার বিশ্ব স্বাস্থ্য সংস্থার Framework Convention on Tobacco Control (FCTC) স্বাক্ষর ও অনুসমর্থন করেছে এবং এর আলোকে ‘ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫’ পাস করে। পরবর্তীতে ২০১৩ সালে আলোচ তামাক নিয়ন্ত্রণ আইনে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও ২০১৫ সালে বিধিমালা জারি করা হয়। ৩১ জানুয়ারি, ২০১৬ খ্রি: তারিখে ঢাকায় অনুষ্ঠিত সাউথ এশিয়ান স্পিকার্স সামিটের সমাপনী অধিবেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের ঘোষণা দিয়েছেন।

২. ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার ও বিক্রয় হাস করার জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর ধারা ০৮ ও ০৮ এ পাবলিক প্লেস (জনসমাগম স্থান) তথা হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল কলেজ, নার্সিং হোম ও ডায়াগনিস্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা প্রদানকারী কেন্দ্র ও প্রতিষ্ঠানে ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রি ও ব্যবহার বন্ধকরণ বিষয়ে বিধান জারি করা হয়েছে। উক্ত আইনের ০৮ ধারায় বর্ণিত রয়েছে যে, কোন ব্যক্তি কোন পাবলিক প্লেস তথা হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল কলেজ, নার্সিং হোম ও ডায়াগনিস্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা প্রদানকারী কেন্দ্র ও প্রতিষ্ঠানে ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রি ও ব্যবহার করতে পারবেন না। কোন ব্যক্তি এই বিধান লঙ্ঘন করলে তিনি অনধিক তিনশত টাকা (৩০০/-) অর্থদণ্ডে দণ্ডিত হবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুন: পুন: এই অপরাধ সংঘটন করলে পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডপ্রাপ্ত হবেন। বর্ণিত আইনের ০৮ ধারার ভাষ্য মতে, পাবলিক প্লেস তথা হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল কলেজ, নার্সিং হোম ও ডায়াগনিস্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা প্রদানকারী কেন্দ্র ও প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তত্ত্বাবধায়কগণ স্থানসমূহে ‘ধূমপান হইতে বিরত থাকুন, ইহা শাস্তিযোগ্য অপরাধ’-এ সম্পর্কিত নির্দেশিকা স্টিকার, ব্যানার, পোস্টার প্রদর্শন করবেন। নিয়ন্ত্রণকারী ব্যক্তি বা ব্যবস্থাপক এ বিধান লঙ্ঘন করলে তাঁকে এক হাজার টাকা (১০০০/-) অর্থ দণ্ডে দণ্ডিত করা হবে এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুন: পুন: একই ধরনের অপরাধ সংঘটন করলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হবেন। উল্লেখ্য, হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল কলেজ, নার্সিং হোম ও ডায়াগনিস্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা প্রদানকারী কেন্দ্র ও প্রতিষ্ঠানে ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রি ও ব্যবহার করার জন্য কোন নির্দিষ্ট স্থান বা এলাকাকে ধূমপান জোন বলে চিহ্নিত করা যাচ্ছে যে, হাসপাতাল এর অভ্যন্তরে দোকান/ক্যান্টিন-এ তামাকজাত দ্রব্য বিক্রয় হচ্ছে, যা সম্পূর্ণ বেআইনী।

৩. এমতাবস্থায়, আপনার আওতাধীন ও নিয়ন্ত্রণাধীন সকল হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল কলেজ, নার্সিং হোম ও ডায়াগনিস্টিক সেন্টারসহ স্বাস্থ্যসেবা প্রদানকারী কেন্দ্র ও প্রতিষ্ঠানে ধূমপান ও তামাকজাত দ্রব্য বিক্রি ও ব্যবহার বন্ধ করার এবং উক্ত স্থানসমূহে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিষিদ্ধকরণ সম্পর্কিত নির্দেশিকা, স্টিকার, ব্যানার, পোস্টার প্রদর্শন করার বিষয়ে আইনের যথাযথ প্রয়োগের প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

*.....*  
মোঃ আমিন উল আহসান  
বিভাগীয় কমিশনার  
বরিশাল  
ফোন: ০২৪৭৮৮-৬৫০৩৮  
ই-মেইল: [divcombarisal@mopa.gov.bd](mailto:divcombarisal@mopa.gov.bd)

বিতরণ:

০১. জেলা প্রশাসক, বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি
০২. পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. পরিচালক, শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

০৪. পরিচালক, পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল, পটুয়াখালী।
০৫. অধ্যক্ষ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
০৬. অধ্যক্ষ, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।

অনুলিপি : সদয় জাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. অতিরিক্ত সচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।

১২/৬  
০৮.০২.১৬

মোঃ আমিন উল আহসান

বিভাগীয় কমিশনার

বরিশাল

ফোন: ০২৪৭৮৮-৬৫০৩৮

ই-মেইল: [divcombarisal@mopa.gov.bd](mailto:divcombarisal@mopa.gov.bd)